**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 18.06.2026** **Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ সংঘাত অবসানের লক্ষ্যে ১৪ দফা সমঝোতা পত্রে ভার্চুয়াল স্বাক্ষর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ানের। হরমুজ প্রণালী খোলার সম্ভাবনা উজ্জ্বল।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোর সঙ্গে ইউরোপের বৃহত্তম প্রযুক্তি ও উদ্ভাবন সম্মেলন VIVA TECH 2026- এ যোগ দেবেন।

৩/ ঝাড়খণ্ডের ২ টি এবং মিজোরামের ১ টি রাজ্যসভা আসনে আজ ভোট নেওয়া হচ্ছে।

৪/ রাজ্যপাল আর এন রবির অভিভাষণের মধ্য দিয়ে আজ রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের সূচনা হয়ে□। #নতুন সরকার আইনের শাসন প্রতিষ্ঠা এবং অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে ফেরত পাঠানোর ওপর বিশেষ জোর দেবে বলে রাজ্যপাল জানিয়ে□ন।

৫/ তৃণমূল কংগ্রেসের বিদ্রোহী বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায়-ই আপাতত বিধানসভার বিরোধী দলনেতা থাক□ন বলে জানিয়ে□ কলকাতা হাইকোর্ট।

৬/ বিশ্বকাপ ফুটবলে আজ কলম্বিয়া, উজবেকিস্তানকে ৩-১ গোলে এবং ঘানা, পানামাকে ১-০ গোলে হারিয়ে দিয়ে□।

**********************************************************************

দু’দেশের মধ্যে সংঘাতের অবসান ঘটানো, হরমুজ প্রণালী পুনরায় খুলে দেওয়া এবং মার্কিন নিষেধাজ্ঞা ও ইরানের পারমাণবিক কর্মসূচি বিষয়ক চূড়ান্ত চুক্তির জন্য, মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প ও ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ান ভার্চুয়ালি ১৪ দফা সমঝোতা স্মারকপত্র-MoU স্বাক্ষর করে□ন। প্যারিসে গতকাল ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে সাক্ষাতের পাশাপাশি, ট্রাম্প এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন বলে হোয়াইট হাউস জানিয়ে□। চুক্তিতে অবিলম্বে যুদ্ধবিরতি কার্যকর করা, হরমুজ প্রণালী পুনরায় উন্মুক্ত করা এবং একটি বৃহত্তর শান্তি চুক্তির লক্ষ্যে আলোচনার কথা উল্লেখ করা হয়ে□।

চুক্তি অনুযায়ী, যুক্তরাষ্ট্র সামুদ্রিক চলাচলের ওপর আরোপিত বিধিনিষেধ শিথিল করা এবং নিষেধাজ্ঞা প্রত্যাহারের প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দিয়ে□। অন্যদিকে, ইরান বলে□, তারা পরমাণু অস্ত্র অর্জনের চেষ্টা করবে না এবং আন্তর্জাতিক তত্ত্বাবধানে তাদের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত নিয়ে উত্থাপিত উদ্বেগের সমাধানে সম্মত হয়ে□। এ□াড়াও, অর্থনৈতিক পুনর্গঠন এবং আঞ্চলিক নিরাপত্তা সংক্রান্ত ভবিষ্যৎ সহযোগিতার বিষয়ও এই চুক্তিতে অন্তর্ভুক্ত রয়ে□।

এখন কূটনীতিকদের সামনে আগামী ৬০ দিনের মধ্যে এই কাঠামোগত সমঝোতাকে একটি বাধ্যতামূলক চূড়ান্ত চুক্তিতে রূপান্তর করার কঠিন চ্যালেঞ্জ রয়েছে। চুক্তির সমর্থকরা এই অগ্রগতিকে পশ্চিম এশিয়ায় স্থিতিশীলতার পথে একটি বড় পদক্ষেপ হিসেবে স্বাগত জানালেও, পরমাণু কর্মসূচির যাচাই-বাছাই, নিষেধাজ্ঞা কার্যকর করার পদ্ধতি এবং আঞ্চলিক নিরাপত্তা ব্যবস্থা নিয়ে এখনও গুরুত্বপূর্ণ মতপার্থক্য রয়ে গেছে।

তবে এই সমঝোতা কতটা দীর্ঘস্থায়ী হবে, তা নিয়ে প্রশ্ন থেকেকেই যাচ্ছে। সমঝোতা স্মারকে স্পষ্ট করে বলা হয়েছে যে মার্কিন নিষেধাজ্ঞা শিথিল করা নির্ভর করবে তেহরান তার প্রতিশ্রুতি কতটা পালন করেছে এবং ভবিষ্যৎ আলোচনায় কতটা অগ্রগতি হচ্ছে তার ওপর। দুই দেশের পক্ষ থেকেকেই এই নথিকে চূড়ান্ত শান্তি চুক্তি নয়, বরং ভবিষ্যৎ আলোচনার একটি কাঠামো হিসেবে বর্ণনা করা হয়েছে।

***************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইউরোপের বৃহত্তম প্রযুক্তি ও উদ্ভাবন সম্মেলন VIVA Tech 2026 -এ যোগ দেবেন। ফ্রান্স সফরের শেষ পর্যায়ে গতরাতে তিনি প্যারিসে পৌঁছন। হোটেলে তাঁকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন প্রবাসী ভারতীয়রা।

আজ প্যারিসে তিনি ফ্রান্সের রাষ্ট্রপতি ইম্যানুয়েল ম্যাক্রোর সঙ্গে Viva Tech 2026 -এ যোগ দেবেন। প্রধানমন্ত্রী ভারতের ক্রমবর্ধমান উদ্ভাবন পরিমণ্ডল ও প্রযুক্তির অগ্রগতির কথা এই মঞ্চে তুলে ধরবেন।

ভারত-ফ্রান্স অর্থনৈতিক ও শিল্প সহযোগিতা আরও জোরদার করার লক্ষ্যে প্যারিসে আজ ফ্রান্সের শীর্ষ শিল্পপতি ও ব্যবসায়িক নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর একাধিক উচ্চপর্যায়ের বৈঠকের আয়োজন করা হয়েছে।

জি ৭ শীর্ষ সম্মেলনের এক আলোচনায় প্রধানমন্ত্রী কৃত্তিম বুদ্ধিমত্তার নিরাপদ ও মানব কেন্দ্রিক প্রয়োগের আহ্বান জানান। যান্ত্রিক ক্ষমতা বৃদ্ধির থেকে দৈনন্দিন জীবনে সাধারণ মানুষের সহায়তায় কৃত্তিম বুদ্ধিমত্তা, এআই এর ভূমিকা অধিক গুরুত্বপূর্ন বলে উল্লেখ করেছেন শ্রী মোদী। গতকাল প্যারিসের এভিয়ঁ-এ এআই সংক্রান্ত একটি আলোচনায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, শিক্ষা ও উদ্ভাবনকে ত্বরান্বিত করতে পারে এআই এর ব্যবহার। তবে ভুল তথ্য, ডিপফেক এবং সাইবার হুমকি থেকে সতর্ক থাকতে হবে। এগুলি মোকাবিলার লক্ষ্যে বিশ্বের অন্যান্য দেশগুলির সহযোগিতা বৃদ্ধির কথা বলেন শ্রী মোদী। দায়িত্বশীল ভাবে এআই এর প্রয়োগের ওপর জোর দিয়ে দক্ষিণী বিশ্বের সব দেশেই ক্রমশ কৃত্তিম বুদ্ধিমত্তার সুবিধা পৌঁছে যাবে বলে আশাপ্রকাশ করেন প্রধানমন্ত্রী।

***************************************************************************

ফ্রান্সের এভিয়ঁ-এ জি-সেভেন শীর্ষ বৈঠক শেষে সংশ্লিষ্ট দেশগুলির নেতৃবৃন্দ তিনটি গুরুত্বপূর্ণ ঘোষণাপত্র জারি করেছে। এর মধ্য দিয়ে সমতার ভিত্তিতে দীর্ঘমেয়দী এবং স্থিতিশীল অর্থনৈতিক বৃদ্ধি, বিরল খনিজ পদার্থের সরবরাহ শৃঙ্খল স্বাভাবিক রাখা এবং শিশুদের জন্য নিরাপদ ডিজিটাল স্পেস তৈরি করার কথা বলা হয়েছে। সম্মেলন শেষে এক বিবৃতিতে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি চুক্তিকে স্বাগত জানানো হয়।

নাবালকদের জন্য সুরক্ষিত ডিজিটাল স্পেস তৈরির লক্ষ্যে ব্রাজিল, মিশর, কেনিয়া ও দক্ষিণ কোরিয়ার সঙ্গে হাত মিলিয়ে□ ভারত। ঘোষণায় অনলাইন নিরাপত্তা জোরদার করায় সম্মত হয়ে□ দেশগুলি।

অন্যদিকে, লিথিয়াম, নিকেল ও বিরল খনিজ পদার্থের নিরাপদ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে 'জি-৭ ক্রিটিক্যাল মিনারেলস অ্যালায়েন্স' গঠনের কথা বলা হয়ে□ ঘোষণায়।

এ□াড়া হরমুজ প্রণালী দিয়ে নিরাপদে জাহাজ চলাচল, নির্বিঘ্নে রপ্তানি বাণিজ্য এবং আঞ্চলিক নিরাপত্তা জোরদার করার কথাও এই বিবৃতিতে বলা হয়। জি সেভেন ভুক্ত দেশগুলিতে মাদক পাচারের বিরুদ্ধে জোরদার ব্যবস্থা গ্রহণের ওপর জোর দেওয়া হয়ে□।

এ□াড়া বন্দর ও সামুদ্রিক নিরাপত্তা, গোয়েন্দা তথ্য আদানপ্রদান বৃদ্ধির ওপরেও বিশেষ গুরুত্ব দেওয়া হয়।

*************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সকালে পাঁচ দিনের সফরে মধ্যপ্রদেশে পৌঁ□ে□ন। ইন্দোরের দেবী অহল্যাবাঈ হোলকার বিমানবন্দরে রাজ্যপাল মাঙ্গুবাই প্যাটেল, মুখ্যমন্ত্রী মোহন যাদব প্রমুখ তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান। রাষ্ট্রপতি মুর্মু মধ্যপ্রদেশের বেতুলে আধ্যাত্মিক জাগরণের মাধ্যমে আদিবাসী সমাজের ক্ষমতায়ন সংক্রান্ত একটি অনুষ্ঠানে যোগ দেবেন। আগামীকাল তিনি আন্তর্জাতিক সিকল সেল অ্যানিমিয়া দিবস উপলক্ষে আয়োজিত একটি কর্মসূচিতেও অংশ নেবেন।

২১ জুন রাষ্ট্রপতি জবলপুরে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে যোগ দেবেন। তিনি প্রধান অতিথি হিসেবে রানী দুর্গাবতী বিশ্ববিদ্যালয়ের ৩৬তম সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। কুনো জাতীয় উদ্যান পরিদর্শনের পর তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

*************************************************************************

ঝাড়খণ্ডে রাজ্যসভার দুটি আসনের জন্য আজ ভোটগ্রহণ চল□। নির্বাচনে Baidyanath Ram, Pranav Jha এবং নির্দল প্রার্থী Parimal Nathwani প্রতিদ্বন্দ্বিতা কর□ন।

আজ সকাল ৯টায় ভোটগ্রহণ শুরু হয়ে□, বিকেল ৪টা পর্যন্ত চলবে। বিকেল ৫টা থেকে ভোট গণনা শুরু হবে এবং তার পরেই ফলাফল ঘোষণা করা হবে। বিধানসভার ৮১ জন বিধায়কেরই ভোটদানে অংশ নেওয়ার কথা রয়ে□।

এদিকে, Mizoram-এ রাজ্যসভার একমাত্র আসনের জন্যও ভোটগ্রহণ চল□। সেখানে শাসক দল Zoram People's Movement এবং বিরোধী দল Mizo National Front-এর প্রার্থীদের মধ্যে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে।

**********************************************************************

রাজ্যপাল আর এন রবির অভিভাষণের মধ্যে দিয়ে আজ রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের সূচনা হয়ে□। নতুন সরকার গঠনের পর এটিই রাজ্য বিধানসভার প্রথম অধিবেশন। রাজ্যপাল তার অভিভাষণে বলেন, রাজ্যে আইনের শাসন প্রতিষ্ঠাকে নতুন সরকার সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। নাগরিকদের স্বাধীনতা ও অধিকার যাতে সুরক্ষিত থাকে , তারা যাতে মর্যাদার সঙ্গে জীবনযাপন করতে পারেন তার ওপর বিশেষ জোর দেওয়া হচ্ছে।

( বাইট – রবি )

অনুপ্রবেশকে গুরুতর সমস্যা হিসেবে অভিহিত করে রাজ্যপাল বলেন, রাজ্যের ভিতর থেকেই অনুপ্রবেশে মদত দেওয়ায় গত এক দশকে পরিস্থিতি আরও জটিল হয়ে□। সীমান্তবর্তী বিভিন্ন জেলার জনবিন্যাস পাল্টে যাচ্ছে। বর্তমান সরকার অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে তাদের ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু করে□।

( বাইট – রাজ্যপাল/ অনুপ্রবেশ )

**********************************************************************

রাজ্য বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বোস বিরোধী দলনেতা হিসেবে তৃণমূল কংগ্রেসের বিদ্রোহী বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে নিয়োগের যে সিদ্ধান্ত নিয়ে□ন, কলকাতা হাইকোর্ট আজ তার উপর অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ দিতে অস্বীকার করে□।

তৃণমূল কংগ্রেসের বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় তাঁর মনোনয়নপত্র বাতিল এবং ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নিয়োগকে চ্যালেঞ্জ করে যে আবেদন দায়ের করে□লেন, তার শুনানিতে বিচারপতি কৃষ্ণ রাও অধ্যক্ষের সিদ্ধান্তে স্থগিতাদেশ জারি করতে রাজি হননি।

আদালত বিবাদীপক্ষকে আগামী তিন সপ্তাহের মধ্যে হলফনামা জমা দেওয়ার নির্দেশ দিয়ে□। অন্যদিকে, আবেদনকারীকে তার জবাবি হলফনামা দাখিলের জন্য অতিরিক্ত দুই সপ্তাহ সময় দেওয়া হয়ে□। মামলার পরবর্তী শুনানি আগামী ২৮ জুলাই।

**********************************************************************

হিমাচল প্রদেশের চাম্বা জেলায় গত রাতে এক ভয়াবহ পথ দুর্ঘটনায় ৭ জন প্রাণ হারিয়ে□ন। মৃত ৪ পুরুষ এবং ৩ জন মহিলা একই গ্রামের বাসিন্দা বলে জানা গে□। চুরাহ বিধানসভা এলাকার পুখরি-মাসরুন্দ সড়কের 'মানি জিরো' নামে এক জায়গার কা□ যাত্রীবোঝাই একটি বোলেরো গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে প্রায় ৫০০ মিটার গভীর খাদে পড়ে গেলে এই দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলেই গাড়ির ৭ জন আরোহী প্রাণ হারান। পরে, পুলিশ স্থানীয়দের সহায়তায় খাত থেকে মৃতদেহ উদ্ধার করে।

**********************************************************************

বিশিষ্ট বৌদ্ধ পণ্ডিত রবার্ট এ এফ থারম্যানের প্রয়াণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শোক প্রকাশ করে□ন। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি উল্লেখ করেন, থারম্যানের কাজ বিশ্বজুড়ে বৌদ্ধ দর্শনকে জনপ্রিয় করে তুলতে এবং বিভিন্ন সংস্কৃতির মধ্যে পারস্পরিক বোঝাপড়ার দৃঢ় সেতুবন্ধন গড়ে তুলতে সহায়তা করে□ল। নিউ ইয়র্ক শহরে কয়েক ব□র আগে থারম্যানের সঙ্গে তাঁর সাক্ষাৎ-এর সুখস্মৃতিও রোমন্থন করেন প্রধানমন্ত্রী।

**********************************************************************

ফিফা ফুটবল বিশ্বকাপে আজ গ্রুপ কে-র ম্যাচে, মেক্সিকো সিটি স্টেডিয়ামে, কলম্বিয়া, উজবেকিস্তানকে ৩-১ গোলে হারিয়ে দিয়ে□। কলম্বিয়ার হয়ে ড্যানিয়েল মুনোজ ৪০ মিনিটে প্রথম গোল করেন। এরপর উজবেকিস্তানের আবেবোসবেক ফয়জুল্লায়েভ ৬০ মিনিটে গোল শোধ করেন। তারপর ৬৫ মিনিটে কলম্বিয়ার লুইজ দিয়াজ ও দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ে হামিন্টন কাম্পাজ গোল করে ব্যবধান বাড়ান।

এর আগে, গ্রুপ এল-এর ম্যাচে আজ টরোন্টো স্টেডিয়ামে ঘানা, পানামাকে ১-০ গোলে হারিয়ে দিয়ে□। দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ে ঘানার কালেব ইরেঙ্কি গোল করেন।

এ□াড়া, গ্রুপ এ-র ম্যাচে আজ ভারতীয় সময় রাত সাড়ে ৯ টায়, আটলান্টা স্টেডিয়ামে, চেক প্রজাতন্ত্র, দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে; রাত সাড়ে ১২ টায়, লস অ্যাঞ্জেলস স্টেডিয়ামে, সুইজারল্যান্ড, বসনিয়া হার্জেগোভিনার বিরুদ্ধে এবং রাত সাড়ে ৩'টেয়, ভ্যাঙ্কুভার স্টেডিয়ামে, কানাডা, কাতারের বিরুদ্ধে খেলবে।

**********************************************************************